

💵 হিসনুল মুসলিম

বিভাগ/অধ্যায়ঃ ঘুম ও বিবিধ

রচয়িতা/সঙ্কলকঃ ড. সাঈদ ইব্ন আলী ইব্ন ওয়াহফ আল-কাহত্বানী

২৯. রাতে যখন পার্শ্ব পরিবর্তন করে তখন পড়ার দো'আ

112- «لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ الْوَاحِدُ الْقَهَارُ، رَبُّ السَّمَوَاتِ وَالْأَرْضِ وَمَا بَيْنَهُمَا الْعَزيزُ الْغَفَّارُ».

(লা ইলা-হা ইল্লাল্লা-হুল ওয়াহিদুল কাহ্হারু রব্বুস্ সামা-ওয়া-তি ওয়াল-আরদ্বি ওয়ামা বাইনাহুমাল-'আযীযুল গাফ্ফার)।

১১২- "মহাপ্রতাপশালী এক আল্লাহ ছাড়া আর কোনো হক্ক ইলাহ নেই। (তিনি) আসমানসমূহ, যমীন এবং এ দু'য়ের মধ্যস্থিত সবকিছুর রব্ব, প্রবলপরাক্রমশালী, পরম ক্ষমাশীল।"[1]

ফুটনোট

[1] আয়েশা রাদিয়াল্লাহু আনহা বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাতে যখন বিছানায় পার্শ্ব পরিবর্তন করতেন তখন তা বলতেন। হাদীসটি সংকলন করেছেন, হাকেম এবং তিনি তা সহীহ বলেছেন, আর ইমাম যাহাবী তাকে সমর্থন করেছেন, ১/৫৪০; নাসাঈ, আমালুল ইয়াওমি ওয়াল্লাইলা, নং ২০২; ইবনুস সুন্নী, নং ৭৫৭। আরও দেখুন, সহীহুল জামে ৪/২১৩।

Source — https://www.hadithbd.com/books/link/?id=945

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন